DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 07:10 AM

আন্তর্জাতিক

# ইরানকে শাস্তি দিতে নতুন উপায় খুঁজছে মার্কিন সেনাবাহিনী

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ০৩ আগস্ট ২০২৬, ০৩:৪৫ PM



ছবি সংগৃহীত

ইরানকে শাস্তি দিতে ও চাপে রাখতে নতুন উপায় খুঁজছে মার্কিন সেনাবাহিনী। এজন্য সেনাদের কাছে সৃজনশীল ও ব্যতিক্রমী পরিকল্পনা চাওয়া হয়েছে বলে জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম সিএনএন।

সূত্রের বরাত দিয়ে সংবাদমাধ্যমটি জানিয়েছে, গত বুধবার মার্কিন সেন্ট্রাল কমান্ডের (সেন্টকম) গোয়েন্দা শাখার এক কর্মকর্তা সামরিক বিশ্লেষকদের একটি বড় গ্রুপে পাঠানো বার্তায় লিখেছেন, আমরা ইরানের ওপর চাপ সৃষ্টি এবং দেশটিকে শাস্তি দেওয়ার জন্য নতুন, সৃজনশীল ও প্রচলিত ধারার বাইরের কিছু উপায় খুঁজছি।

এছাড়া দ্বিতীয় একটি সূত্রের বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়, গত সপ্তাহে মার্কিন সামরিক বাহিনীর এক জ্যেষ্ঠ কর্মকর্তা ইরানের বিরুদ্ধে কী ধরনের পদক্ষেপ নেওয়া যেতে পারে, সে বিষয়ে নতুন ধারণা ও প্রস্তাব আহ্বান করে ওই বার্তা পাঠান।

সূত্র: ডন

## এ বিভাগের আরও খবর



### বাড়তে পারে মক্কা প্রতিরক্ষা জোটের পরিধি

তুরস্ক, সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে সম্প্রতি স্বাক্ষরিত মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তিতে মিসরও যোগ দিতে পারে বলে জানিয়েছেন তুরস্কের প্রেসিডেন্...



### গাজায় দুই ভবনের ধ্বংসস্তূপে মিললো ২১ ফিলিস্তিনির কঙ্কাল

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার দুটি ক্ষতিগ্রস্ত ভবনের ধ্বংসস্তূপের নিচ থেকে ২১ জন ফিলিস্তিনির দেহাবশেষ (কঙ্কাল) উদ্ধার করেছে উদ্ধারকারী দ...




### ইন্দোনেশিয়ায় ভয়াবহ ভূমিকম্প, নিহত বেড়ে ৪৭

ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৭ জনে দাঁড়িয়েছে। দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার...



**লেবাননে ইসরাইলি বিমান হামলায় ৩ শিশুসহ নিহত ১১**

দক্ষিণ লেবাননে ইসরাইলি বিমান হামলায় অন্তত ১১ জন নিহত হয়েছেন।  নিহতদের মধ্যে তিন শিশু রয়েছে। শনিবারের (১৫ আগস্ট) এ হামলাকে গত জুনে ইসরাই...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/iranke-shasti-dite-ntun-upay-khunjchhe-markin-senabahini